সম্প্রতি টাওয়ার হ্যামলেটস্ এর মুসলিম কমিউনিটির মধ্যে বর্ণবাদ সম্পর্কিত টেনশন সৃষ্টি হওয়ায় বিগত ৩১শে জুলাই কাউন্সিল অফ মস্ক এর উদ্যোগে টাওয়ার হ্যামলেটস মেট্রোপলিটন পুলিশ এর সাথে একটা গুরুত্বপূর্ণ মিটিং আয়োজন করা হয়।

এই মিটিং মুসলমানদের বিরুদ্ধে সৃষ্ট হেট ক্রাইম, ইসলামোফোবিয়া ও ধর্মীয় বর্ণবাদ সমস্যা তুলে ধরে উভয়ের মধ্যে একটি ডায়লগ সৃষ্টির পরিবেশ তৈরির আলোচনা করা হয়।

এখানে উপস্থিত ছিলেন টাওয়ার হ্যামলেটস এর ডিটেকটিভ চিপ সুপারেন্টেন্ডেন্ট জেমস কনওয়ে ছাড়াও আরো ঊর্ধ্বতন পুলিশ অফিসার ও বিভিন্ন মসজিদের ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ।

মিটিং চলাকালীন মসজিদ কমিউনিটি সদস্যরা পুলিশের নিকট উত্থাপিত বর্ণবাদ, হেট ক্রাইম, ধর্মীয় বর্ণবাদ সহ নানা প্রশ্ন তুলে ধরেন এবং উভয় পক্ষই বেশ কিছু পদক্ষেপ গ্রহণের জন্য একমত হন ও মসজিদ কমিউনিটি ও পুলিশ কমিউনিটির এমন নিয়মিত বৈঠকের জন্য একমত হন। এই উদ্যোগ উভয়ের মধ্যে বিশ্বাস সৃষ্টির জন্য খুবই গুরুত্বপূর্ণ বলে সকলেই উপলব্ধি করেন যাতে করে মুসলিম কমিউনিটিতে সৃষ্ট বর্ণবাদ সম্পর্কিত কোন সমস্যা দ্রুত সমাধান করা যায়।

মিটিংএ বর্ণবাদ সম্পর্কিত যেকোনো ধরনের সমস্যা সমাধানের জন্য এবং কিভাবে বিভিন্ন বর্ণ, পাশাপাশি এবং কমিউনিটির সাথে একসাথে মিলেমিশে বসবাস করা যায় এসব গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে পুলিশ কমিউনিটির সাথে অত্যন্ত হৃদ্যতামূলক আলোচনা অনুষ্ঠিত হয়।